

# বাণিত স্কুল এন্ড কলেজ

তৃতীয় শ্রেণি

বিষয়: বাংলা প্রথম

## ক্রিয়ার কাল

“ক্রিয়া” অর্থ কাজ অর ‘কাল’ অর্থ সময়। অতএব ‘ক্রিয়ার কাল’ হলো কোনো কাজ সম্পন্ন হওয়ার সময়। সব কাজই একটা বিশেষ সময়ে (কালে) শেষ হয়। কোন কাজ এখন করা হয়, নতুবা আগে হয়েছিল অথবা পরে কোনো এক সময়ে হবে।

নিচের বাক্য তিনটির দিকে লক্ষ্য কর:

১. ছেলেটি স্কুলে যায়।
২. ছেলেটি স্কুলে গিয়েছিল।
৩. ছেলেটি স্কুলে যাবে।

ক্রিয়ার কাল- এর শ্রেণি বিভাগঃ

ক্রিয়ার কাল প্রধানত তিন প্রকার। যথা:-



১



২



৩



## নিচে কালভেদে ক্রিয়ার রূপের পরিবর্তনের নমুনা

প্রদত্ত ক্রিয়াপদ	অতীত	বর্তমান	ভবিষ্যৎ
মারা	মেরেছে	মারে	মারবে
ছাড়া	ছাড়িয়েছে	ছাড়ায়	ছাড়াবে
যাওয়া	গিয়েছিল	যায়	যাবে
দেখা	দেখেছিল	দেখে	দেখবে
পাতা	পেতেছিল	পাতে	পাতবে
হওয়া	হয়েছিল	হয়	হবে
ভরা	ভরেছিল	ভরে	ভরবে
ধরা	ধরেছিল	ধরে	ধরবে
ঘুরা	ঘুরেছিল	ঘুরে	ঘুরবে
করা	করেছিল	করে	করবে
কাটা	কেটেছিল	কাটে	কাটবে
হাসা	হেসেছিল	হাসে	হাসবে
ভালোবাসা	ভালোবেসেছিল	ভালোবাসে	ভালোবাসবে
বলা	বলেছিল	বলে	বলবে
বোঝা	বুঝেছিল	বোঝে	বুঝবে
ডাকা	ডেকেছিল	ডাকে	ডাকবে
জানানো	জানিয়েছিল	জানায়	জানাবে
ওঠা	উঠেছিল	উঠে	উঠবে
শেখা	শিখেছিল	শেখায়	শেখাবে
কাঁদা	কেঁদেছিল	কাঁদে	কাঁদবে
উড়া	উড়েছিল	উড়ে	উড়বে
পড়া	পড়েছিল	পড়ে	পড়বে
লাগা	লেগেছিল	লাগে	লাগবে
নামা	নেমেছিল	নামে	নামবে
খেলা	খেলেছিল	খেলে	খেলবে
পাওয়া	পেয়েছিল	পায়	পাবে
মেলা	মেলেছিল	মেলে	মেলবে
তাকানো	তাকিয়েছিল	তাকায়	তাকাবে
ফেলা	ফেলেছিল	ফেলে	ফেলবে
মেশা	মিশেছিল	মিশে	মিশবে